দৈনিক ইত্তেফাক

৪৪

তারিখ ... ... JAN 17 2000 ...
পৃষ্ঠা ১ কলাম ৩ ...

## অনার্স পার্ট-৩ ফাইনাল লইয়া পরীক্ষার্থীদের মধ্যে ক্ষোভ

ইত্তেফাক রিপোর্ট ॥ জাতীয় বিশ্ববিদ্যালয়ের অনার্স পার্ট-৩ ফাইনাল পরীক্ষাকে কেন্দ্র করিয়া পরীক্ষার্থীদের মধ্যে বিক্ষোভ দানা বাঁধিয়া উঠিয়াছে। ২৪শে

(১৫শ পৃষ্ঠায় ৫-এর কঃ দ্রঃ)

## অনার্স পার্ট-৩

(শেষ পৃষ্ঠার পর)

জানুয়ারী হইতে এই পরীক্ষা শুরু হওয়ার কথা। ছাত্রছাত্রীরা পরীক্ষা পিছানোর দাবীতে আন্দোলন শুরু করিলে বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রক কয়েকটি পত্রিকায় এক সাক্ষাৎকারে বলিয়াছিলেন, যাহারা ২৪শে জানুয়ারী পরীক্ষায় অংশগ্রহণ করিতে পারিবে না তাহারা ৬ মাস পর আরও একটি পরীক্ষায় বসার সুযোগ পাইবে। কিন্তু বাস্তবে পরীক্ষার্থীরা ৬ মাস পরে পরীক্ষা দেওয়ার সুযোগ পাইবে না। উদ্ভূত পরিস্থিতিতে ছাত্র-ছাত্রীরা আন্দোলনের কর্মসূচী গ্রহণ করিয়াছে।

### এডওয়ার্ড কলেজে অধ্যক্ষের কক্ষ ভাংচুর

পাবনা সংবাদদাতা ॥ অনার্স পার্ট-৩ পরীক্ষার তারিখ পিছানোর দাবীতে গতকাল রবিবার পাবনা সরকারী এডওয়ার্ড বিশ্ববিদ্যালয় কলেজের ছাত্র-ছাত্রীরা কলেজ ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল এবং অধ্যক্ষের অফিস ঘেরাও করে। এক পর্যায়ে বিক্ষুব্ধ ছাত্র-ছাত্রীরা অধ্যক্ষের অফিস ভাংচুর ও নথিপত্র তছনছ করে। এ সময় অফিস কক্ষে অধ্যক্ষ বা অন্য কোন শিক্ষক কর্মকর্তা ছিলেন না।

ভাংচুরের সময় অফিসকক্ষের দরজা, জানালাসহ আসবাবপত্রের ব্যাপক ক্ষতি হয়। খবর পাইয়া পুলিশ সুপার আসাদুজ্জামান মিয়া দ্রুত ঘটনাস্থলে উপস্থিত হন। পুলিশ মাসুদুর রহমান মাসুদ ও কোরমান আলী নামের ২ জন ছাত্রকে আটক করিয়াছে. উভয়ই অনার্স পার্ট-৩-এর ছাত্র।